pub-opinions

দৈনিক ইনকিলা

তারিখ 0-7-SEP 1986 ...
পৃষ্ঠা ... 5 কলাম 7 ...

018

# শিক্ষাঙ্গন

## কতিপয় সুপারিশ

দেশের স্বতন্ত্র এবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দৈন্যদশার কথা ভাবতে সত্যি দুঃখ লাগে। এর কারণগুলোর একটি হচ্ছে শিক্ষকদের অনিশ্চিত জীবন। শিক্ষা ব্যবস্থা ও শিক্ষকদের কল্যাণের জন্য এ বিষয়ে কিছু সোপারিশ তুলে ধরছি।

) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড র্তৃক মুঞ্জুরীপ্রাপ্ত সকল স্বতন্ত্র তেদায়ী মাদ্রাসাগুলোকে বাজেট ষিত প্রাথমিক শিক্ষা বিস্তার ল্পের অধীনে জাতীয় পে-স্কেলের র্ভুক্ত করা হোক।

অনতিবিলম্বে সরকারী উদ্যোগে পরিকল্পনা নিয়ে বাংলাদেশের টি গ্রামে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা চালু করা হোক।

(৩) প্রথম পর্যায়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মুঞ্জুরীপ্রাপ্ত ১২ হাজার স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাকে জাতীয়করণ করা হোক।

(৪) স্বতন্ত্র এবতেদায়ী শিক্ষকদের চাকরির নিরাপত্তা বিধান করা হোক।

(৫) সরকারী উদ্যোগে মহা-পরিকল্পনা নিয়ে বাংলাদেশের প্রতিটি গ্রামে যে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা হবে; সেটা জাতীয় সংসদের অধিবেশনে উত্থাপন করে সংসদে পাস করান হোক।

(৬) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্ট গঠন করা হোক।

(৭) মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মঞ্জুরীপ্রাপ্ত তারিখ থেকে এ পর্যন্ত জয়েন্ট এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের মত স্বতন্ত্র এবতেদায়ী শিক্ষকদের বেতনের সম্পূর্ণ টাকা প্রদান করা হোক।

(৮) প্রাথমিক বিদ্যালয়গুলোর মত সরকারী পর্যায়ে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাগুলো সংস্কার সাধন করে প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হোক।

(৯) প্রাথমিক বিদ্যালয়ের মত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাগুলোতে পাঠ্য বই, খাতা, পেন্সিল, চক, কলম, ব্লাক বোর্ড সহবরাহ করা হোক।

(১০) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের চাকরির নিরাপত্তা বিধানের লক্ষ্যে প্রত্যেক শিক্ষকদের জন্য সার্ভিস বুকের ব্যবস্থা করা হোক।

(১১) পিটিআই-এ ভর্তি-হওয়ার জন্য স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের জন্য কোটা নির্ধারণ করা হোক।

(১২) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষক নিয়োগ পদ্ধতি সংস্কার সাধন করে উপজেলা নির্বাহী কর্মকর্তা অর্গানাইজিং কমিটির সহ-সভাপতি ও সম্পাদক ঐ মাদ্রাসার প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা কর্মকর্তা মহোদয়ের সমন্বয়ে কমিটি গঠন করে তাদেরকে শিক্ষক নিয়োগ করার অনুমতি প্রদান করা হোক।

পরিশেষে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমাজের ইজ্জত রক্ষার্থে সরকারের প্রতি আকুল আবেদন, এবতেদায়ী মাদ্রাসার সোপারিশগুলো যাতে বাস্তবে রূপান্তরিত হয় সে ব্যবস্থা গ্রহণ করা হোক।

—মাওলানা মোঃ আনছারুল হক
পোঃ ফকির পাড়া
উপজেলাঃ নালিতাবাড়ী
জেলাঃ শেরপুর।